

- আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার প্রাপ্তিতে অসমর্থ বিচারপ্রার্থী জনগণকে আইনগত সহায়তা প্রদান আইন ২০০০ এবং সংক্রান্ত বিধিমালার আলোকে আইনগত সহায়তা প্রদান করা হয়। আইনগত পরামর্শ প্রদানের পাশাপাশি নিম্নোক্ত বিষয়ে

আইনি সহায়তা প্রদান করা হয়

- বিনামূল্যে ওকালতনামা সরবরাহ।
- মামলা পরিচালনার জন্য আইনজীবী নিয়োগ।
- আইনজীবীর ফি পরিশোধ।
- মধ্যস্থতাকারী বা সালিশকারীর সম্মানী পরিশোধ।
- বিনামূল্যে রায় কিংবা আদেশের অনুলিপি সরবরাহ।
- ডিএনএ টেস্টের যাবতীয় ব্যয় পরিশোধ।
- ফৌজদারী মামলায় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের ব্যয় পরিশোধ।
- মামলার সাথে সম্পর্কিত প্রাসঙ্গিক অন্যান্য ব্যয় পরিশোধ।

যেসব মামলায় সরকারি আইনি সহায়তা প্রদান করা হয়

ফৌজদারী মামলা	দেওয়ানি মামলা
• স্ত্রীর বিনা অনুমতিতে স্বামীর বিয়ে	• সন্তানের অভিভাবকত্ব
• শারীরিক নির্যাতন	• ভরণপোষণ ও দেনমোহর আদায়
• যৌতুক দাবী বা যৌতুকের জন্য নির্যাতন	• বিবাহ বিচ্ছেদ
• এসিড নিক্ষেপ	• সম্পত্তির দখল পুনরুদ্ধার
• পাচার	• দলিল বাতিল
• অপহরণ	• স্থায়ী নিষেধাজ্ঞা
• ধর্ষণ	• সম্পত্তির বন্টন বা বাটোয়ারা
• আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক আটক বা গ্রেফতার	• ঘোষণামূলক মামলা
	• চুক্তি সংক্রান্ত মামলা